

ALL INDIA RADIO

RNU : KOLKATA

BENGALI BULLETIN

DATE :23-02-2018

TIME : 1.40 P.M.

ডায়মন্ডহারবারের সরিষাহাটে গুলি চালানোর ঘটনায়, গ্রেপ্তারের পর থানা থেকে পালিয়ে যাওয়া এসএসবি কমান্ড্যান্টকে পুলিশ ফের গ্রেপ্তার করেছে। পারুলিয়ার এসএসবি ক্যাম্প থেকে দীপক কুমার সিং নামে ঐ কমান্ড্যান্টকে, দুপক্ষের আলোচনার পর পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

আগেই জানানো হয়েছে, নোট বদলের কারবারী মোজাম্মেল মন্ডলের সরিষাহাটের ডেরায় গতরাতে এসএসবি হানা দেয়। মোজাম্মেল ও তার দলবল তাদের ওপর চড়াও হলে, এসএসবি গুলি চালায়। গুলিতে আলতাফ জমাদার নামে, মোজাম্মেলের এক সাগরেদের মৃত্যু হয়। অভিযুক্ত ব্যক্তি, বাতিল হওয়া নোট বদলে দেওয়ার বেআইনী কারবারে লিপ্ত ছিল বলে আমাদের প্রতিনিধি শিপ্রা সেন সাহা জানিয়েছেন। আলতাফের মৃত্যুতে অভিযুক্ত দীপক কুমার সিং ও অমিতাভ প্রামাণিক নামে এসএসবি-র দুই কমান্ড্যান্টকে গ্রেপ্তার করা হয়। ধরা হয় মোজাম্মেলকেও। এসএসবি-র জওয়ানরা আজ সকালে থানায় গিয়ে পুলিশের বিরুদ্ধে প্রবল বিক্ষোভ দেখায়। পরিস্থিতির সুযোগ নিয়ে দীপক কুমার সিং বাহিনীর গাড়ীতে করে ক্যাম্পে চলে যান।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সরিষাহাটের ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন।

০০০০০০

নদীয়ার চাপড়া থানার রাজীবপুরে আজ সকালে একটি ইটভাটায় দুর্ঘটনায় ২ মহিলা-সহ ৩ শ্রমিক প্রাণ হারিয়েছেন। সকাল ৮টা নাগাদ,

আচমকাই ইটভাটার গার্ড-ওয়াল ভেঙ্গে পড়লে, ৭জন শ্রমিক তার নীচে চাপা পড়েন। আহতদের শজিনগর হাসপাতালে নিয়ে যাওয়া হলে, বছর ৫০-এর কল্পনা ঘোষ এবং ১৯ বছরের সবিতা কাশ্যপকে মৃত ঘোষণা করা হয়। পরে হাসপাতাল মারা যান ৫২ বছরের রমু মাঝি। কল্পনা, চাপড়ার রাজীবপুরের বাসিন্দা, বাকী ২ জনের বাড়ি ঝাড়খন্ডে।

০০০০০০

বিহারের বোধগয়ায় বিস্ফোরণ ঘটানো এবং বিস্ফোরক উদ্ধারের ঘটনায় জড়িত আরো এক জেএমবি জঙ্গি মুর্শিদাবাদের ধুলিয়ানে ধরা পড়েছে। নূর মহম্মদ নামে ঐ জঙ্গিকে কলকাতা পুলিশের এসটিএফ গতকাল গ্রেপ্তার করে। আজ তাকে ব্যাঙ্কশাল ফোর্টে তোলা হচ্ছে।

০০০০০০

উত্তর দিনাজপুরের ইসলামপুরের বোরটে গতকাল গভীর রাতে বাইক ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে দুই যুবকের মৃত্যু হয়েছে। বাইক আরোহী আরো এক যুবক আহত হন। ভ্যান চালক পলাতক।

০০০০০০

রাজ্যের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অন্তর্গত রাস্তাগুলির মেরামতির কাজ দ্রুত শেষ করা হবে বলে পঞ্চগয়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় জানিয়েছেন। আজ রাজ্য বিধানসভায় কংগ্রেস বিধায়ক অসিত মিত্রের এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, ২০১৭ সালের বন্যায়, রাজ্যে মোট ১ হাজার ৯৬০ কিলোমিটার রাস্তার ক্ষতি হয়েছে। এরমধ্যে চলতি বছরের ১৫ই জানুয়ারী পর্যন্ত ১৪২ কিলোমিটার রাস্তার জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। কাজও শুরু হয়েছে। খরচ ধরা হয়েছে ৮ কোটি ৯২ লক্ষ টাকা। সুব্রত বলেন, এই কাজের জন্য আগে কেন্দ্রীয় সরকার বরাদ্দ করত। এখন তা কমিয়ে ৬০ শতাংশ অনুদান দেয়। বাকি ৪০ শতাংশ খরচ করতে হয় রাজ্য সরকারকে। কংগ্রেস বিধায়কের একটি অতিরিক্ত প্রশ্নের

উত্তরে পঞ্চগয়েত মন্ত্রী বলেন, রাস্তা মেরামতির জন্য যে ঠিকাদারদের কাজের বরাত দেওয়া হয় তা ৫ বছরের জন্য। এই রাস্তা মেরামতির মধ্যে প্রাকৃতিক বিপর্যয় ঘটলে কিছু অতিরিক্ত সমস্যা দেখা দেয়। তা স্বত্বেও রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত রাস্তাগুলির মেরামতির কাজ দ্রুত করবে বলে সুব্রতবাবু জানিয়েছেন।

০০০০০০

চার সন্দেহে গণপিটুনিতে অপমানিত এক যুবক পূর্ব বর্ধমানের ভাতারের রাধানগর গ্রামে আত্মঘাতী হয়েছেন। পেশায় ক্ষেতমজুর, ৩২ বছরের শেখ আকবর আলিকে গত ১৫ই ফেব্রুয়ারী সকালে বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে মারধোর করা হয় বলে তাঁর স্ত্রী জানিয়েছেন। চার হাজার টাকা চুরি করায় অভিযোগে তাকে ল্যাম্পপোস্টে বেঁধে পেটানো হয়। শেষ পর্যন্ত ৪ হাজার টাকা দিয়ে রেহাই পান আকবর। পরে খোয়া যাওয়া ৪ হাজার টাকা পাওয়া গেলে, আকবরের টাকা ফিরিয়ে দেওয়া হয়। কিন্তু সম্মানহানির যন্ত্রণায় গলায় ফাঁস দিয়ে তিনি আত্মহত্যার চেষ্টা করেন। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে বর্ধমান মেডিকেল হাসপাতালে ভর্তি করে। ৬ দিন পর, গতকাল সকালে আকবরের মৃত্যু হয়।

০০০০০০

ঋণের ভারে জর্জরিত এক দম্পতি, উত্তর দিনাজপুরের গোয়ালপোখর থানার পোখরিয়া গ্রাম পঞ্চগয়েতের কোদালিয়া গ্রামে আত্মহত্যা করেছেন। মাত্র সাত মাস আগে রাহুল দাস ও জ্যোতির বিয়ে হয়। ২ হাজার টাকা সাপ্তাহিক কিস্তিতে শোধ করার শর্তে, তাঁরা ব্যাঙ্ক থেকে ১ লক্ষ টাকা ঋণ নিয়েছিলেন বলে জানা গেছে। কিস্তির টাকা জোগাড় করা নিয়ে ২জনের মধ্যে প্রায়ই অশান্তি হত। গতকাল বাড়ির মধ্যে গলায় ফাঁস লাগানো অবস্থায় ২জনকে পাওয়া যায়। তবে কি কারণে তাঁরা ঋণ নিয়েছিলেন জানা যায়নি।

০০০০০০

ভারতের উদ্বোধন স্বত্বেও ট্রাম্প প্রশাসন, আমেরিকায় H1B ভিসা দেওয়ার প্রক্রিয়া অত্যন্ত কঠিন করে, নতুন নীতি ঘোষণা করেছে। এই নীতি অনুযায়ী, কোন সংস্থাকে, তাদের H1B ভিসাধারী কর্মীর, নির্দিষ্ট কাজের জন্য প্রয়োজনীয় যোগ্যতার প্রমাণ দিতে, অতিরিক্ত কাঠখড় পোড়াতে হবে। যোগ্য মার্কিন কর্মীর অভাব মেটাতে, বিদেশ থেকে উচ্চ দক্ষতা সম্পন্ন বিশেষজ্ঞদের, স্বল্প মেয়াদের জন্য আমেরিকায় কাজের অনুমতি দেওয়া হয় H1B ভিসার মাধ্যমে। ভারতীয় তথ্য প্রযুক্তি সংস্থাগুলি এর সবচেয়ে বেশি সুযোগ নেয়। ট্রাম্পের নতুন নীতি ঘোষণার ফলে, এই সংস্থাগুলি ও তাদের কর্মীরা সব থেকে বেশি ক্ষতিগ্রস্ত হবে। আমেরিকায় ব্যাঙ্কিং, ভ্রমণ এবং বিভিন্ন বাণিজ্যিক পরিষেবার ক্ষেত্র, মূলত ভারতীয় কর্মীদের ওপর নির্ভরশীল। নতুন নীতি অনুযায়ী, H1B ভিসার মেয়াদ ৩ বছরের কম হতে পারে। যতটুকু সময় থার্ড পার্টি ওয়ার্ক সাইটে কাজের জন্য ঐ কর্মীকে প্রয়োজন, শুধুমাত্র ততদিনের জন্যই ভিসা মঞ্জুর করা হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থাকে নির্দিষ্ট প্রমাণ দিয়ে বলতে হবে, সুনির্দিষ্ট কাজের জন্য ঐ কর্মীকে, তাদের প্রয়োজন।
